# উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

বিষয় ঃ উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৬ (বিবেচ্য ডিসেম্বর/২০২৫) মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ তানজিলা আখতার
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ ও সময় ঃ ১২/০১/২০২৬ খ্রি., বেলা-১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় গত ডিসেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত (বিবেচ্য মাস নভেম্বর/২০২৫) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিরবণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর, নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| বিভাগ/অফিস | আলোচ্যসূচি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, শৈত্য প্রবাহের কারণে বয়স্ক ও শিশুদের ঠান্ডা জনিত রোগের প্রকোপ দেখা দিয়েছে। বর্তমানে দেশে নিপা ভাইরাসের প্রকোপ লক্ষ করা যাচ্ছে। নিপা ভাইরাসের কোন ভ্যাক্সিন এখনো আবিষ্কার হয়নি। নিপা ভাইরাস সাধারণত খেজুরের রস পান করলে হয়। তাই কাঁচা খেজুরের রস পান না করার জন্য অনুরোধ জ্ঞাপন করা হয়। সকলকে সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ জানান। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। নিপা ভাইরাস রোধে সকলকে সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক প্রেরিত কার্যপত্র অনুযায়ী ডিসেম্বর/২০২৫ মাস পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩২২৬২ জন, মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৫০৪৯ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৭.৬৪। ডিসেম্বর/২০২৫ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০০ জন মহিলা ৭জন, আইইউডি ১জন, ইমপ্লান্ট ১৬জন, খাবার বড়ি সেবনকারী ১১৬জন, কনডম গ্রহণকারী ৫৮জন, ইনজেকশন গ্রহণকারী ৬৩ জন, মোট গর্ভবতীর সংখ্যা ১০৫ জন, গর্ভকালীন সেবা গ্রহণকারী ৪৭৫ জন, প্রসব সেবা ১০৫ জন, প্রসবোত্তর সেবা গ্রহণকারী ১৬৩ জন, শিশু সেবাগ্রহণকারী ২৪৪৪ জন, ইসিপি ০০ জন, কিশোর/কিশোরী সেবা ৫৮৬৯ জন, পুষ্টি সেবা ২৭৮৫ জন, সাধারণ পুরুষ রোগী সেবাগ্রহণকারী ৯৫৫ জন ও সাধারণ মহিলা রোগী সেবাগ্রহণকারী ২০২৫ জন, মিসোপ্রোষ্টল ৬জন। এছাড়া জনবল স্বল্পতা নিয়েও জন্মনিয়ন্ত্রণ সেবা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, গর্ভকালীন সেবা, প্রসব সেবা, কিশোর-কিশোরী সেবা বৃদ্ধিকরণসহ অন্যান্য রোগের বিস্তার রোধে জনসচেতনতা বৃদ্ধিতে কাজ করা হচ্ছে। তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বোরো মৌসুমে বীজতলার আবাদ হয়েছে ৫৫০ হে. জমিতে। মোট বোরো আবাদ হয়েছে ১৪৮ হে. জমি। সরিষা আবাদ হয়েছে ১০০৫ হে.। সবজি আবাদ হয়েছে ১৪৯৫ হে.। রবি অন্যান্য ফসলের আবাদ সন্তোষজনক। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও বালাইনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। সার ও কীটনাশকের দোকান নিয়মিত মনিটরিং করা হচ্ছে। সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে মর্মে অবহিত করা হয়। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপস্থিত উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন, সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ১০০৭টি, টিকা প্রদান সম্প্রসারণঃ ক) গবাদিপশু ১৪২০টি, খ) হাঁস মুরগী ৫৭,০০০ টি, ৩। গবাদি পশু ও হাঁস মুরগী চিকিৎসা প্রদান ২৮৩৫৭টি, ৪। দুধ উৎপাদন ৩৬৭১.৪০ মে.টে. ৫। মাংস উৎপাদন ১৭৭০.৭২ মে.টে. ৬। ডিম উৎপাদন ৫০.৯০ লক্ষ, ৭। রাজস্ব খাতে জমা ক) টিকা বিক্রয় | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয় এবং রাস্তাটি সংস্কারের জন্য এডিপি থেকে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

CS CamScanner

<table>
<tr><td></td><td>১৫,৮৪০/- টাকা ও খ) কৃত্রিম প্রজনন বাবদ ৭৫,৫২৫/- টাকা। তিনি আরো বলেন, তার অফিসের সামনের রাস্তা ভাঙ্গা-যা সংস্কার করাা প্রয়োজন। তাছাড়া, উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী জানান যে, ১। ২০২৫-২০২৬ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে বিভিন্ন উন্নয়ন কাজের জন্য ৫৪,৩০,১৯৭.৮৯ টাকার বিপরীতে অদ্যাবধি ৪৭,৫০,২০৬.২৪ টাকা ব্যয় হয়েছে।<br>২। ২০২৫-২০২৬ অর্থ বছরে উন্নয়ন তহবিল হতে বিভিন্ন উন্নয়ন কাজের জন্য ১,২৩,৫৩,০৫৯/- টাকার বিপরীতে অদ্যাবধি ৬১,৭২,৪৬৪.০৪ টাকা ব্যয় হয়েছে।<br>৩। ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র বিপরীতে ইউনিয়ন পর্যায় হতে স্কীম সংগ্রহ ও যাচাই বাছাই প্রক্রিয়াধীন। পরিশিষ্ট 'ক' স্কীমসমূহ পরিষদের সিদ্ধান্তক্রমে দরপত্র আহবানের প্রস্তুতি গ্রহণের প্রস্তাব রাখেন।<br>৪। গত সভায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পুরাতন এবং জড়াজীর্ণ বিধায় ভবনসহ ভবনের পাশের দুটি দ্বিতল ভবন উপজেলা টুইন কোয়ার্টার কনডেম ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনের তথ্যাদি নিম্নরূপঃ<br><table><tr><th>ভবনের নাম</th><th>মোট মূল্য</th><th>অপসারণ ব্যয়</th><th>প্রাক্কলিত মূ</th></tr><tr><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন</td><td>১,৩৭,৪১৯.৪৩</td><td>২৫,৮২৭.৪৩</td><td>১,১১,৫৯২</td></tr><tr><td>উপজেলা টুইন কোয়ার্টার</td><td>২৮৫,৫৬৪.৪৫</td><td>১২০,২৮৩.৪৫</td><td>১,৬৫,২৮১</td></tr></table>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।</td><td>আলোচনার ১ ও ২নং এ বর্ণিত প্রকল্পসমূহের অবশিষ্ট কাজ বিধি মোতাবেক সম্পন্নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আলোচনার ৩নং ক্রমিকে বর্ণিত ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি'র পরিশিষ্ট 'ক' এর স্কীমসমূহ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আলোচনার ৪নং ক্রমিকে বর্ণিত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং উপজেলা টুইন কোয়ার্টার পুরাতন এবং জড়াজীর্ণ ব্যবহার অনুপযোগী হওয়ায় কনডেম ঘোষণার নিমিত্ত ভবনসমূহের প্রাক্কলিত মূল্য ১,১১,৫৯২/- টাকা ও ১,৬৫,২৮১/- টাকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক ও আহবায়ক, জেলা কনেডেমনেশন কমিটি, কিশোরগঞ্জ মহোদয় বরাবরে প্রেরণের নিমিত্ত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি</td></tr>
<tr><td>শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ২০২৬ সালের বিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক বিতরণ করা হচ্ছে। বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম চলমান। নির্বাচনের জন্য ব্যবহৃত ভোটকেন্দ্রের মেরামত কাজ চলমান আছে। অফিসের অন্যান্য কাজ চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>মৎস্য বিভাগ</td><td>সভায় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, নিয়মিত মৎস্য চাষীদের মাছ চাষ পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত মৎস্য খামার পরিদর্শন করা হয়। ৪টি মৎস্য খাদ্য লাইসেন্স নবায়ন করা হচ্ছে। তাছাড়া, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td>সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মৎস্য অফিসার</td></tr>
<tr><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, এ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণের পরিমাণ ৩,২২,৭৮,০০০/- টাকা ১০৪৭ জনকে প্রদান করে হয়েছে। বিবেচ্য মাসে ঋণ বিতরণের পরিমাণ ০০ টাকা এবং এ মাসে আদায়ের পরিমাণ ১,৫৪,৫৫০/- টাকা। আদায়ের হার ৮৪.৩২%। এ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত ৮৬০৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাড়াইল উপজেলায় ৪২টি যুব সংগঠন রয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন, ৬টি প্রকল্পের অধীনে এ পর্যন্ত ১০,৩২,৫৬,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে, এ পর্যন্ত ৮,৯১,৩৭,০০০/- টাকা আদায় করা হয়েছে এবং ১,৪১,১৯,০০০/- টাকা বকেয়া রয়েছে। বিবেচ্য মাসে ২৬,৬০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২৯,৫৪,০০০/- টাকা আদায় করা হয়েছে। তিনি আরো বলেন, এ পর্যন্ত ৩১ জন বীর মুক্তিযোদ্ধাদের মাঝে ৩০,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। অনাদায়ী ঋণের পরিমাণ ৭,০০,০০০/- টাকা। ঋণ আদায় কার্যক্রম সন্তোষজনক না হলে পরবর্তীতে ঋণের জন্য বরাদ্দ কমে যাবে। সভায় এতদবিষয়ে বিস্তারিত</td><td>যে সকল বীর মুক্তিযোদ্ধাগণ নিয়মিত ঋণ পরিশোধ করছেন না তাঁদের তালিকা উপজেলা সমাজসেবা অফিসারের নিকট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তাড়াইল উপজেলায় ৬টি আশ্রয়ণ</td><td>আশ্রয়ণ প্রকল্পের সমস্যাসমূহ চিহ্নিত</td><td>উপজেলা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্পের মধ্যে ৪টি আশ্রয়ণ প্রকল্পে ঋণ বিতরণ কার্যক্রম চলমান আছে। আশ্রয়ণ প্রকল্পসমূহে ল্যাট্রিন ও ঘরের চাল ভাঙ্গা বিধায় প্রয়োজনীয় সংস্কারসহ সুপেয় পানির ব্যবস্থা করা প্রয়োজন। দাউদপুর আশ্রয়ণ প্রকল্পের মসজিদটিতে টাইলস স্থাপন করার জন্য অনুরোধ করেন। | করে লিখিতভাবে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সমবায় অফিসার |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাকা/খাদ্য শস্যের বিপরীতে উপজেলা কমিটিতে অনুমোদিত প্রকল্প তালিকা জেলা কমিটিতে অনুমোদন সাপেক্ষে ১ম কিস্তির বিল প্রদান করা হয়েছে। প্রকল্পের কাজ সমাপ্তি সাপেক্ষে চূড়ান্ত বিল প্রদান করা হচ্ছে। কাজের অগ্রগতি-কাবিখা/কাবিটায় ১,০০,৫১,৯৩৭/৯০ টাকা, ৫৯.৯১২ মে.ট. চাল ও ৫৯.৯১২ মে.ট. গম মোট ৪৫টি প্রকল্প এর মধ্যে এ পর্যন্ত ৯৫% কাজ এবং টিআর ৮৫,০৪,৭১৫/১০ টাকা বরাদ্দ এর মধ্যে ৯৫% কাজ সমাপ্ত হয়েছে। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম পর্যায় ৭টি ইউনিয়নে ২ লক্ষ টাকা ৫টি প্রকল্পে কমিটি দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ২য় পর্যায় ৫৮,১৬,০৩৭৮/৯০ টাকা, ৩৪.৬৯০ মে.ট. চাল ও ৩৪.৬৯০ মে.ট. গম বরাদ্দ এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ২য় পর্যায়ে ৪০,৬২,৩৫১/৭৩ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে ইউনিয়ন ওয়ারী উপ-বরাদ্দ বিভাজন করা হয়েছে। গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম পর্যায় ৭টি ইউনিয়নে ২ লক্ষ ৬৭ হাজার টাকা ১টি প্রকল্পে এবং ২য় পর্যায়ের প্রকল্পসমূহে কমিটি দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিসার |
| মহিলা বিষয়ক বিভাগ | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৫-২৬ চক্রের উপকারভোগীদের মাঝে নভেম্বর/২০২৫ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। নির্বাচিত উপকারভোগীগণ জনপ্রতি মাসিক ৩০ কেজি হারে ২ বছর (খাদ্য শষ্য) সুবিধা প্রাপ্য হবেন। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ৭টি ইউনিয়নে ৭টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবে ১ জন সংগীত, ১ জন আবৃত্তি শিক্ষক এবং ১ জন জেন্ডার প্রমোটার নিয়োজিত আছে। ২০২৬ সালে কিশোর কিশোরী ক্লাবের সদস্য সংগ্রহ কার্যক্রম চলমান আছে। ২১০জন সদস্য রয়েছে। নারী শিশু নির্যাতন যৌতুক নিরোধ, পাচার, বাল্য বিবাহ প্রতিরোধে দামিহা ও দিগদাইড় ইউনিয়নে জনসচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। মাসিক স্টাফ মিটিং করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারী প্রতিমাসে ১৫টি করে কার্ড বরাদ্দ রয়েছে। বর্তমানে ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে অনলাইনে ভাতাভোগীদের আবেদন গ্রহণ কার্যক্রম চালু রয়েছে। ইউনিয়ন পর্যায়ে প্রতি মাসের ২০ তারিখের মধ্যে অনলাইনে আবেদন কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়য়ক অফিসার |
| জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চালু রয়েছে। তাড়াইল উপজেলার বাজারসমূহে একটি আধুনিক মানসম্মত পাবলিক টয়লেট নির্মাণের লক্ষ্যে বানাইল বাজারে অচিরেই লেআউট দেওয়া হবে। | পাবলিক টয়লেট বানাইল বাজারে নির্মাণ কাজ দ্রুত শুরু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন শিক্ষা সপ্তাহ পালিত হয়েছে। প্রাপ্ত নতুন বই বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। শীতকালীন খেলার পুরস্কার প্রদানের কার্যক্রম চলমান। তার অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক অফিসার |
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার হতে কোন কার্যপত্র পাওয়া যায়নি বিধায় উক্ত অফিসের কোন বক্তব্য জানা গেলা না। ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | নিয়মিতভাবে সভার কার্যপত্র যথাসময়ে প্রেরণসহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ইন্সট্রাক্টর, ইউআরসি |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| বন বিভাগ | উপজেলা ফরেস্টার বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| খাদ্য নিয়ন্ত্রণ বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| চেয়ারম্যান, জাওয়ার ইউপি | চেয়ারম্যান, জাওয়ার ইউপি বলেন, উন্নয়ন তহবিল হতে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম চলমান আছে। ইউনিয়ন পরিষদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | সুষ্ঠুভাবে সকল কার্যক্রম পরিচালনায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, জাওয়ার ইউপি |
| চেয়ারম্যান, দামিহা ইউপি | চেয়ারম্যান, দামিহা ইউপি বলেন, এলাকার অধিকাংশ মানুষের হাওরে জমি থাকায় বৃহৎ একটি অংশ ঘরবাড়ি ও গরু নিয়ে চাষাবাদ করতে চলে যান। তাই তাদের গবাদিপশুকে প্রাণিসম্পদ অফিস হতে ভ্যাক্সিনের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। ইউনিয়ন পরিষদের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | গবাদিপশুকে ভ্যাক্সিন প্রদানের লক্ষ্যে একটি স্থান নির্ধারণ করে প্রাণিসম্পদ অফিসকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চেয়ারম্যান, (সকল) ইউপি |
| বিবিধ | কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, তাড়াইল জোনাল অফিস হতে উপজেলা পরিষদের কেন্দ্রীয় মিটার এর জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ৬ মাসের ১,৩৯,৮০২/- টাকা ও উপজেলা কমপ্লেক্স এর জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ৬ মাসের ৮৪,৮১২/- টাকা সর্বমোট ২,২৪,৬১৪/- টাকার বিল পাওয়া গেছে। যা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধযোগ্য।<br>ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে গৃহীত প্রকল্প সমূহের কাজ সরেজমিনে তদারকি করার জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। টিআর আর কাবিখার প্রকল্প কমিটি দ্রুত প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এসএসসি পরীক্ষা ২০২৬ এর ফরমফিলাপ করতে যাতে কেহ সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত টাকা যেন না নেয় সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের উপজেলা মাধ্যমিক অফিসারকে অনুরোধ করা হয়। সকল চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানগণকে গবাদিপশুকে ভ্যাক্সিন প্রদানের লক্ষ্যে প্রতি ইউনিয়নে জায়গা নির্ধারণ করে উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সম্প্রতি দামিহা ইউনিয়ন পরিষদে পরিদর্শন করা হয়। দামিহা ইউনিয়ন পরিষদের আভ্যন্তরীণ পরিবেশ অপরিচ্ছন্ন এবং জড়াজীর্ণ। ফলে, যার যার অফিস পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশ প্রদনা করা হয়। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট একই দিনে হওয়ায় গণভোটের বিষয়টি ব্যাপক প্রচারণা চালাতে হবে। তিনি জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট প্রদানের বিষয়ে গুরুত্বের সাথে সংশ্লিষ্ট সকলকে সহোযোগিতা করার জন্য অনুরোধ জ্ঞাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | ১। উপজেলা পরিষদের কেন্দ্রীয় মিটার এবং উপজেলা কমপ্লেক্স এর জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ৬ মাসের যথাক্রমে ১,৩৯,৮০২/- টাকা ও ৮৪,৮১২/- টাকা সর্বমোট ২,২৪,৬১৪/- টাকার বিদ্যুৎ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলাসহ সকল ইউনিয়নে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। এসএসসি পরীক্ষা ২০২৬ এর ফরমফিলাপ করতে যাতে সরকারি নির্ধারিত ফি এর অতিরিক্ত টাকা না নেয় সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের উপজেলা মাধ্যমিক অফিসারকে অনুরোধ করা হয়।<br>৪। গবাদিপশুকে ভ্যাক্সিন প্রদানের লক্ষ্যে প্রতি ইউনিয়নে জায়গা নির্ধারণ করে উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫। আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট একই দিনে হওয়ায় গণভোটের বিষয়টি ব্যাপক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ<br><br>সকল বিভাগের অফিস প্রধান<br><br>সকল ইউপি চেয়ারম্যান |

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(তানজিলা আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

CS CamScanner

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২৫- ৪৬ তারিখ-১২/০১/২০২৬ খ্রি.

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৫। উপজেলা ....................................................... কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।
০৬। চেয়ারম্যান (সকল) ......................................ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ এবং সদস্য, উপজেলা পরিষদ।

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'খ'

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ০৫ | উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ০৭ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ০৯ | উপজেলা পঃপঃ কর্মকর্তা, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিসার, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ১৭ | বন বিভাগ, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |
| ১৯ | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২০ | উপজেলা দরিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২১ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ | স্বাক্ষরিত/- |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ২২ | চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ১নং তালজাংগা ইউনিয়ন পরিষদ, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২৩ | চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ২নং রাউতি ইউনিয়ন পরিষদ, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২৪ | চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ৩নং ধলা ইউনিয়ন পরিষদ, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২৫ | চেয়ারম্যান, ৪নং জাওয়ার ইউনিয়ন পরিষদ, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২৬ | চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ৫নং দামিহা ইউনিয়ন পরিষদ, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২৭ | চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান, ৬নং দিগদাইড় ইউনিয়ন পরিষদ, তাড়াইল | স্বাক্ষরিত/- |
| ২৮ | প্রশাসক, ৭নং তাড়াইল সাচাইল ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত/- |

সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা

| ক্রমিক | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তাড়াইল | -- |

CS CamScanner